"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

জেলা পরিষদ
বাগেরহাট
**www.zpbagerhat.gov.bd**
স্মারক নং-জেপবা/তেইশ-২৫/১৮-১৯/(পার্ট ফাইল)/১০০, তারিখ ১৫/০৩/২২।

# "খাড়াগাছ বিক্রয় বিজ্ঞপ্তি"

| | | | |
|---|---|---|---|
| ১ | মন্ত্রণালয়/বিভাগ | : | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। |
| ২ | এজেন্সী | : | জেলা পরিষদ,বাগেরহাট। |
| ৩ | দরপত্র আহ্বানকারী | : | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ,বাগেরহাট। |
| ৪ | দরপত্র আহ্বানকারী কর্মকর্তার নাম ও পদবি | : | ঝুমুর বালা,প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ,বাগেরহাট। |
| ৫ | কাজের নাম | : | জেলা পরিষদ, বাগেরহাট মালিকানাধীন (১) দশানী হইতে রামপাল সড়ক এর গাছ (২) পেড়িখালী হইতে চাঁদপাই শেওলাবুনিয়া সড়ক পর্যন্ত গাছ নিলামে বিক্রয় |
| ৬ | দরপত্র বিজ্ঞপ্তি নং ও তারিখ | : | স্মারক নং- জেপবা/তেইশ-২৫/২০১৮-১৯/(পার্ট ফাইল)/৮৮, তারিখ ঃ ০৬/০৩/২০২২ খ্রিঃ |
| ৭ | দরপত্র পদ্ধতি | : | বন্ধ খামে সীলমোহরযুক্ত। |
| ৮ | দরপত্র প্রচারের তারিখ | : | ০৮/০৩/২০২২ খ্রি. তারিখ |
| ৯ | দরপত্র ক্রয়ের শেষ তারিখ | : | ২৩/০৩/২০২২ খ্রি. তারিখ |
| ১০ | দরপত্র বিক্রয়ের স্থান | : | জেলা পরিষদ কার্যালয়,জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,(বাগেরহাট সদর,রামপাল,মোংলা) হতে সরকারি ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সময়ে ক্রয় ও দাখিল করা যাবে, জমাদানের তারিখ: ২৪/০৩/২০২২ খ্রি., বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত। |
| ১১ | দরপত্র জমাদানের স্থান, তারিখ ও সময় | : | -ঐ- |
| ১২ | দরপত্র বাক্স খোলার স্থান, তারিখ ও সময় | : | জেলা পরিষদ কার্যালয় বাগেরহাট। তারিখ: ২৪/০৩/২০২২ খ্রি. সময়: বেলা ৩.০০ ঘটিকা। |
| ১৩ | দরপত্র সিডিউলের মূল্য | : | খাড়াগাছের লট প্রতিটি ৫০০/- (পাঁচ শত) টাকা। |
| ১৪ | দরপত্র বিজ্ঞপ্তি সম্পর্কে বিস্তারিত তথ্য | : | জেলা পরিষদ কার্যালয় হতে সরকারি ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সময়ে জানা যাবে। |
| ১৫ | কাজের বিবরণ (লটের তালিকা) | : | জেলা পরিষদ কার্যালয়, বাগেরহাট |

## কাঠ বিক্রয়ের শর্তাবলি

১। দরপত্রদাতাগণকে অবশ্যই নির্ধারিত সিডিউল প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ,বাগেরহাট এর বরাবরে সিলমোহরযুক্ত খামে দরপত্র বাক্সে দাখিল করিতে হইবে। খামের বামপার্শ্বে দরপত্রদাতার পূর্ণ নাম ও ঠিকানা এবং মোবাইল নম্বর ও খামের ডানপার্শ্বে লট নং লিখিতে হইবে। দরপত্র সিডিউলে লটের ক্রয়মূল্য অংকে ও কথায় পৃথকভাবে এবং লট নম্বর স্পষ্টাক্ষরে লিপিবদ্ধ করিতে হইবে। লটের বিপরীতে দাখিলকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর নাম্বার এবং টাকার পরিমান স্পষ্ট অক্ষরে লিখিতে হইবে। ফ্লুইড ব্যবহার/কাটাকাটি/অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

২। দরপত্রদাতাগণকে দরপত্রের সহিত নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করিতে হইবে:
(ক) সিডিউল ক্রয়ের মূল রসিদ।
(খ) উদ্ধৃত দরের ৩০% পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জামানত হিসাবে বিভাগীয় প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ,বাগেরহাট এর অনুকূলে যে কোন তফশীলি ব্যাংকে জমা পূর্বক পে-অর্ডার এর মূল কপি দরপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।
(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।
(ঘ) পার্সপোর্ট সাইজের ছবি ০১ (এক) কপি।
(ঙ) যে কোন সিডিউল ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ।

৩। দরদাতা ইচ্ছা করিলে একাধিক লট ক্রয়ের জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন। সকল লটের জামানত একসাথে প্রদান করা যাইবে না (উদ্ধৃত মূল্যের ৩০% পে-অর্ডার আলাদা ভাবে দাখিল করিতে হইবে)।

৪। দরপত্রদাতাগণ দরপত্র দাখিলের পূর্বে লট সমূহ সরেজমিনে পুঙ্খানুপুঙ্খভাবে দেখিয়া দরপত্র দাখিল করিবেন। দরপত্র দাখিলের পর কোন প্রকার ওজর আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

৫। দরপত্রদাতাগণকে তাহাদের দরপত্র গ্রহণের ০৭ (সাত) দিনের মধ্যে চুক্তিনামা সম্পাদন ও ১৫ (পনের) দিনের মধ্যে লটের সমুদয় মূল্য জমা দিয়া কার্যাদেশ গ্রহণ করিতে হইবে এবং ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সকল কাঠ/লট অপসারণ করিতে হইবে।

৬। লট ক্রেতাকে লট ক্রয় মূল্যের উপর ৫% আয়কর, ৭.৫% ভ্যাট এবং সরকারি সর্বশেষ সিদ্ধান্ত মোতাবেক পরিশোধ করিতে হইবে।

৭। ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে লটের কাঠ অপসারণে ব্যর্থ হইলে তাহার জমাকৃত ৩০% জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করত: পুনরায় লট বিক্রয় করা হইবে এবং মূল্য কম পাওয়া গেলে PDR এ্যাক্ট অনুযায়ী মামলা করত: লট ক্রেতার নিকট হইতে বাকী অর্থ আদায় করা হইবে।

৮। সফল দরপত্রদাতাকে সতর্কতার সাথে কাঠ অপসারণ করিতে হইবে। অসতর্কতা বসত: কাঠ অপসারণের সময় ক্রয়কৃত লট ব্যতীত অন্য লট এর গাছ অপসারণ করা যাইবে না অথবা ক্রয়কৃত লটের গাছ অপসারণ কালে অন্য কোন গাছ,ঘরবাড়ি,রাস্তাঘাট বা জানমালে ক্ষতিগ্রস্ত/বিনষ্ট করা যাইবে না। অসাবধানতাবশত এরূপ ক্ষতিসাধন হইলে দরপত্রদাতা কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত জরিমানা প্রদানে ও আইনানুগ সাজা ভোগে বাধ্য থাকিবে।

৯। কোন লটক্রেতা কোন অবস্থাতেই ক্রমিক নম্বরবিহীন অথবা বিক্রয় তালিকা বহির্ভূত অথবা অন্যকোন সংস্থা বা ব্যক্তির গাছ/কাঠ কর্তন কিংবা পরিবহন করিতে পারিবে না। উক্ত শর্ত ভঙ্গকারী লটক্রেতার নিকট হইতে নিম্নস্বাক্ষরকারী কর্তিত গাছের/কাঠের বাজার মূল্যের ৩ গুণ অর্থ ক্ষতিপূরণ বাবদ আদায় করিতে পারিবেন। অথবা বন আইন মোতাবেক অবৈধভাবে গাছ কর্তনের দায়ে আদালতে মামলা রুজু করিতে পারিবেন।

(চলমান পাতানং-০২)

১০। বনজদ্রব্য অপসারণের সময় ক্রয়কৃত বনজ দ্রব্য পরিবহনের জন্য লট ক্রেতাকে চলাচল পাশ গ্রহণ করিতে হইবে। বনজদ্রব্যের চলাচল পাশ ব্যতিত কোন লট ক্রেতা বনজ দ্রব্য অপসারণ করিতে পারিবেনা। বনজদ্রব্য পরিবহন (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০১১ মানিয়া চলিতে হইবে।

১১। সূর্যাস্ত হইতে সূর্যোদয় পর্যন্ত কোন প্রকার বনজদ্রব্য অপসারণ করা যাইবে না।

১২। গাছ কর্তনের পর যদি সিডিউলে উল্লেখিত পরিমাণের চেয়ে অতিরিক্ত বনজদ্রব্য পাওয়া যায় তবে দরপত্র দাতাকে দরপত্রে উদ্বৃত মূল্যে উক্ত অতিরিক্ত কাঠের মূল্য পরিশোধ সাপেক্ষে কাঠ অপসারণের অনুমতি প্রদান করা হইবে। অন্যথায় সিডিউলে উল্লেখিত বনজ দ্রব্যের অতিরিক্ত কাঠ অপসারণ করিতে পারিবেন না। অতিরিক্ত বনজদ্রব্য সরকারি সম্পদ হিসাবে বন বিভাগের নিকট থাকিবে।

১৩। দরপত্র বিজ্ঞপ্তি জারী করার পর এবং প্রয়োজনবোধে দরপত্র খোলার সময় কিংবা পরবর্তীতে লটের তালিকায় (মার্কিং/সাইজলিষ্ট) ভুলত্রুটি পরিলক্ষিত হইলে নিম্নস্বাক্ষরকারী উহা সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪। লটের দরপত্র গ্রহণের দিন হইতে বিক্রিত লটের রক্ষণাবেক্ষণের দায়-দায়িত্ব ক্রেতার উপর বর্তাইবে। কোন দৈবদূর্বিপাকে, ঝড়, তুফানে, বন্যায় বা আগুনে পুড়িয়া কোন লটের যদি ক্ষয়ক্ষতি হয় তার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকিবে না এবং তজ্জন্য লটক্রেতা লটের ক্ষয়ক্ষতি বাবদ ক্ষতিপূরণ দাবী করিতে পারিবে না। ইহাছাড়া কোন প্রকার আইন শৃঙ্খলার অবনতি, চুরি, ডাকাতি, রাহাজানী ইত্যাদি কারণে লটের কাজ ব্যাহত হইলে তজ্জন্য কর্তৃপক্ষ দায়ী থাকিবে না ।

১৫। সিডিউলে উল্লিখিত লটের বিপরীতে পরিবহন ব্যয় উল্লেখ থাকিলে উক্ত পরিবহন ব্যয় লটের মূল্যের অতিরিক্ত হিসাবে পরিশোধ করিতে হইবে। লটের ক্রয় মূল্য এবং নির্দ্ধারিত পরিবহন ব্যয় আলাদা ভাবে উল্লেখ করিতে হইবে

১৬। সরকারি উন্নয়ন মূলক কাজের স্বার্থে লট ক্রেতা লট প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে মূল্য পরিশোধ এবং ১৫ (পনের) দিনের মধ্যে লট অপসারণ করিতে বাধ্য থাকিবে।

১৭। সর্বোচ্চ দর অথবা যে কোন দরপত্র গ্রহণ করা বা না করা নিম্নস্বাক্ষরকারীর সম্পূর্ণ এখতিয়ারাধীন ।

১৮। দরপত্রদাতাগন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রচলিত আইনকানুনের আওতাভুক্ত থাকিবেন। অত্র দরপত্রের যাবতীয় শর্ত চুক্তিপত্রের শর্ত হিসাবে গণ্য হইবে এবং দরপত্র দাতাগণকে অত্র দরপত্র বিজ্ঞপ্তির সকল শর্তাবলী পুঙ্খানুপুঙ্খভাবে মানিয়া চলিয়া দরপত্র দাখিল করিতে হইবে।

১৯। অত্র দরপত্র বিজ্ঞপ্তির কোন শর্ত বা শর্তাবলি সংশোধন, সংযোজন, পরিবর্তন, পরিবর্ধন বা বাতিল করার ক্ষমতা নিম্নস্বাক্ষরকারী সংরক্ষণ করেন।

15/03/2022

(ঝুমুর বালা)
প্রধান নির্বাহী কর্মকর্তা(ভাঃ প্রাঃ)
জেলা পরিষদ, বাগেরহাট।
ফোন:০৪৬৮-৬২১১১
email:zpbagerhat007@gmail.com

15/03/22

স্মারক নং-জেপবা/তেইশ-২৫/১৮-১৯/(পার্ট ফাইল)/১০০,
তারিখঃ ১৫/০৩/২২ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। বিভাগীয় কমিশনার,খুলনা বিভাগ,খুলনা।
২। পরিচালক,স্থানীয় সরকার,খুলনা বিভাগ,খুলনা।
৩। চেয়ারম্যান,জেলা পরিষদ,বাগেরহাট।
৪। জেলা প্রশাসক, বাগেরহাট।
৫। বিভাগীয় বন কর্মকর্তা,সামাজিক বন বিভাগ, বাগেরহাট।
৬। পুলিশ সুপার, বাগেরহাট।
৭। নির্বাহী প্রকৌশলী, সওজ,বাগেরহাট ।
৮। উপজেলা নির্বাহী অফিসার,............................................................ বাগেরহাট।
০৯। প্রশাসনিক কর্মকর্তা,জেলা পরিষদ,বাগেরহাট।
১০। অফিস কপি।

15/03/2022

(ঝুমুর বালা)
প্রধান নির্বাহী কর্মকর্তা(ভাঃ প্রাঃ)
জেলা পরিষদ, বাগেরহাট।

15/03/22